

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

অডিট ভবন

৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।

www.cag.org.bd

নং- ৮২.০০.০০০০.০৫০.০১.০০২.১৯.৯৮৪

তারিখঃ ১৫ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ।

পরিপত্র

বিসিএস (অডিট এন্ড একাউন্টস) ক্যাডারের কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধি এবং অডিট বিভাগের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) মহোদয় আগস্ট/২০২০ মাসে ১৪(চৌদ্দ) কর্মদবসব্যাপী প্রশিক্ষণে অত্যন্ত সময়োপযোগী এবং মূল্যবান বক্তৃতা প্রদান করেন। সিএজি কার্যালয়ের ০৩ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ এর সিএজি/এমআইএস/বিবিধ/পত্রযোগাযোগ/২৪(পার্ট-১)/২০১৯ স্মারকে সিএজি মহোদয়ের লেকচার সিরিজের আলোকে মূল্যায়ন সংক্রান্ত বিষয়ে কিছু নির্দেশনা প্রদান করা হয়। প্রশাসনিক ও দাপ্তরিক প্রয়োজন এবং কর্মকর্তাদের মানসিক চাপের বিষয় বিবেচনা করে মূল্যায়নের বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা নির্দেশক্রমে প্রদান করা হলঃ

১।। সিএজি মহোদয় প্রশাসনিক ও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, মানসম্মত অডিট নিশ্চিত করা এবং কর্মকর্তাদের বিবিধ বিষয়ের গুরুত্ব অনুধাবন করে ডেপুটি সিএজি (এএন্ডআর) এর সুপারিশক্রমে Compliance Audit ISSAI Implementation Handbook (Version 1, June 2020) এর উপর অক্টোবর/২০২০ মাসের তৃতীয় সপ্তাহে অনুষ্ঠিতব্য বিসিএস ব্যাচভিত্তিক মৌখিক পরীক্ষা না নেয়ার ব্যাপারে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।


২।। উপর্যুক্ত স্মারক অনুযায়ী মূল্যায়নের অংশ হিসেবে সিএজি মহোদয়ের লেকচার সিরিজের উপর ১৩ তম ব্যাচ থেকে ৩৬ তম বিসিএস ব্যাচ পর্যন্ত (গ্রেড-৩ ব্যতীত) কর্মকর্তাদের লিখিত পরীক্ষা ০১ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত হওয়ার নির্দেশনা প্রদান করা হয়েছিল। কর্মকর্তাদের প্রস্তুতির সুবিধার্থে উক্ত লিখিত পরীক্ষা ০১ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখের পরিবর্তে ১৫ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ রবিবার অনুষ্ঠিত হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি পরবর্তীতে জানানো হবে।

৩।। লিখিত পরীক্ষার সার্বিক প্রস্তুতির জন্য সকলকে নিম্নোক্ত বিষয়সমূহ অধ্যয়ন করতে হবেঃ

- সিএজি মহোদয়ের লেকচার সিরিজের Summary ২০১৮ এবং ২০২০।
- সিএজি মহোদয়ের লেকচার সিরিজের অডিও/ভিডিও রেকর্ড।
- সিএজি মহোদয়ের লেকচারসমূহে উদ্ধৃত বিভিন্ন রেফারেন্স বইসমূহের প্রয়োজনীয় অংশ।

৪।। পরীক্ষায় প্রাপ্ত নম্বর সংশ্লিষ্ট কর্মকর্তার পারফরমেন্স মূল্যায়নের জন্য স্থায়ী রেকর্ড হিসেবে সিএজি কার্যালয়ে সংরক্ষণ করা হবে।

এই মূল্যায়ন কর্মকর্তাদের আনুষঙ্গিক সুবিধাদি প্রাপ্তির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। উল্লেখ্য, পরীক্ষায় যেসকল কর্মকর্তা কাঙ্ক্ষিত ফলাফল অর্জনে ব্যর্থ হবেন তাঁদেরকে আবশ্যিকভাবে পুনরায় পরীক্ষায় অবতীর্ণ হতে হবে।



(মোঃ মাহবুবুল হক)

ডেপুটি সিএজি (এএন্ডআর)

ফোনঃ ৪৮৩২২০৬৫

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১।। ডেপুটি সিএজি (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা।

২।। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব ভবন, ঢাকা। [অধীনস্থ কার্যালয়সমূহে পৃষ্ঠাংকনের অনুরোধসহ]

৩।। কম্পট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।

[অধীনস্থ কার্যালয়সমূহে পৃষ্ঠাংকনের অনুরোধসহ]

৪।। এডিজি (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। [অধীনস্থ কার্যালয়সমূহে পৃষ্ঠাংকনের অনুরোধসহ]

৫।। মহাপরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী, লালাসরাই, ঢাকা।

৬।। ডেপুটি সিএজি (এএন্ডআর), সিএজি কার্যালয়, ঢাকা।

৭।। ডেপুটি সিএজি (পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।

৮।। মহাপরিচালক শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান/ পরিবহন/ প্রতিরক্ষা/ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প/
পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান/ গৃহায়ণ ও ভৌত অবকাঠামো/ রাজস্ব/ শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক/ কৃষি এবং
পরিবেশ/ বিদ্যুৎ, জ্বালানী ও প্রাকৃতিক সম্পদ/ পররাষ্ট্র ও প্রবাসী কল্যাণ/ বিজ্ঞান, তথ্য ও প্রযুক্তি বিষয়ক/ জনপ্রশাসন ও
সাংবিধানিক প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা ও কল্যাণ/ আর্থিক ও উপযোজন হিসাব/ আইটি অডিট অধিদপ্তর।

৯।। এডিশনাল ডেপুটি সিএজি [(প্রশাসন)/(একিউএসি)/(সংসদ)/(পার্সোনেল)/(পদ্ধতি), পরিচালক (আর এন্ড ডি)/(এম আই এস)],
সিএজি কার্যালয়, ঢাকা।

১০।। এসিএজি [(রিপোর্ট-১)/(রিপোর্ট-২)/(হিসাব)/(সংসদ)/(পরীক্ষা ও পরিদর্শন)/(এইচআর সেল)/(রি-অর্গান), উপপরিচালক
(আরএন্ডডি)/(আইএডব্লিউ)/(এমআইএস- ১ ও ২)], সিএজি কার্যালয়, ঢাকা।

১১।। পিএস টু সিএজি মহোদয় (সিএজি মহোদয়ের সদয় অবগতির জন্য), সিএজি কার্যালয়, ঢাকা।

১২।। অফিস কপি।